গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
<u>সমন্বয় শাখা</u>

# জুন ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব (সিনিয়র সচিবের রুটিন দায়িত্ব), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২৬ জুন ২০২৫
সময় : বেলা: ১১..০০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **<u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা</u>**<br>২৪ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | সি.স.স (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **<u>শূন্যপদ পূরণ:</u>**<br>মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ দ্রুত পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের নির্দেশনা রয়েছে। এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের লক্ষ্যে ইতোমধ্যে যে সকল উদ্যোগ নেয়া হয়েছে সেগুলো অব্যাহত রেখে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (ক) সকল গ্রেডের শূন্য পদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং এর সাথে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা হতে যোগাযোগ করতে হবে।<br>(গ) পদোন্নতি ও বিসিএস এর মাধ্যমে পূরণযোগ্য পদের ক্ষেত্রে এই সংক্রান্ত প্রস্তাব দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>(ঘ) নিয়োগ ও পদোন্নতি দ্রুত করার জন্য দপ্তর/সংস্থা এ বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাদের সাথে যোগাযোগ রাখবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি)/উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/(ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৩. | **<u>অডিট আপত্তির বিবরণী:</u>**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২৫০ | ১১৭০ | ৫৪৮২ | ৫৯৮ | ০ | ৭২৫০ | ২০ | ৭২৩০ |
| বিআরটিসি | ১১৭৬ | ১৯৬ | ৮৮০ | ১০০ | ০ | ১১৭৬ | ০ | ১১৭৬ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ২৭ | ১০ | ১৭ | ০ | ০ | ২৭ | ২ | ২৫ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | ০ | ০ | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৮ | ০ | ০ | ০ | ০ | ০৮ | ০ | ০৮ |
| মোট | ৮৮৯০ | ১৫৩৮ | ৬৬৪৬ | ৬৯৮ | ০ | ৮৮৯০ | ২২ | ৮৮৬৪ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **এপ্রিল'২৫ মাসে অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৮৯০ টি। মে'২৫ মাসে ২২টি অডিট আপত্তি নিস্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় বর্তমানে অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৮৬৪টি।** | | |
| | (১) সভায় উপসচিব (অডিট) জানান, সকল দপ্তর/সংস্থার সঠিক অডিট আপত্তির সংখ্যা নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজন এবং Reconcilliation এর কার্যক্রম চলমান। ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে গত ৫ মে ২০২৫ তারিখে এ বিভাগের সকল অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণকে অধিক্ষেত্র নির্দিষ্ট করে ত্রি-পক্ষীয় সভায় সভাপতিত্ব করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। চলতি মাসে জুন ক্লোজিং থাকায় ত্রি-পক্ষীয় সভা আয়োজন করা সম্ভব হয়নি। আগামী মাসে ৫টি ত্রি-পক্ষীয় সভা আয়োজনে পরিকল্পনা রয়েছে। এছাড়া, ফরেন এইড প্রকল্পের আপত্তি নিস্পত্তির বিষয়ে ফাপাড এর প্রতিনিধি নিয়ে আগামী মাসের ২য়/৩য় সপ্তাহে সভা আয়োজন করা হবে। অডিট আপত্তির সংখ্যা দ্রুত কমিয়ে অনার জন্য ৩ মাসের একটি কর্মপরিকল্পনা গ্রহণে জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) সকল দপ্তর/সংস্থার সঠিক অডিট আপত্তির সংখ্যা নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজন এবং Reconcilliation করতে হবে।<br>(২) গুরুত্ব বিবেচনায় আরো ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে।<br>(৩) ফরেন এইড প্রকল্পের আপত্তি নিস্পত্তির বিষয়ে ফাপাড এর প্রতিনিধি নিয়ে সভা আয়োজন করতে হবে।<br>(৪) অডিট আপত্তির সংখ্যা দ্রুত কমিয়ে অনার জন্য ৩ মাসের একটি কর্মপরিকল্পনা গ্রহনের উদ্যোগ নিতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| 8. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, এডিপি ও পিএমপি'র কাজের বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত One RHD নামক সফটওয়্যারের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। সভায় এ বিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে সফটওয়্যারের কার্যকারিতার উপর একটি উপস্থাপনের প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে পরামর্শ প্রদান করা হয়। | পাইলটিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন করে পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু করতে হবে এবং সফটওয়্যারের উপর এ বিভাগে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার আয়োজন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **গ. বৃক্ষরোপন:**<br>(১) প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরের চলমান মৌসুমে ঢাকা ডিভিশনের ৪টি সড়ক বিভাগের (টাঙ্গাইল, গোপালগঞ্জ, নোয়াখালী, কক্সবাজার) আওতায় ৯টি মহাসড়কে মোট ৪০ কিলোমিটারে ৭৭,৬০০টি বৃক্ষরোপনের উদ্যোগ নেয়া হয়েছে। ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কার্যাদেশ অনুযায়ী বৃক্ষরোপণ চলমান। ঠিকাদার কর্তৃক বৃক্ষরোপনে কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য প্রধান বৃক্ষপালনবিদকে সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া, আরবরি কালচারের শূন্যপদের প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বরোপ করা হয়। | (১) বৃক্ষরোপনের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br>(২) আরবরি কালচারের শূন্যপদ পূরণের প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| | **ঘ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:**<br>উপসচিব (সওজ সংস্থাপন-২) শাখা জানান, সওজ সংস্থাপন-২ শাখা হতে জনানো হয়েছে, খসড়া ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পর্যালোচনা/মতামতের জন্য গত ০৬.০৫.২০২৫ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হলে জানা যায় এ বিষয়ে কার্যক্রম চলমান। | মতামতের বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **ঙ. টোল আদায়:**<br>(১) উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬৬টি সেতু এবং ৪টি মহাসড়কে টোল আদায় করা হয়। বর্তমানে ৫৮টি সেতুতে টোল আদায় চালু আছে এবং ৯টি সেতুর টোল আদায় কার্যক্রম বন্ধ আছে। বন্ধ টোলপ্লাজাসমূহ হতে টোল আদায়ের লক্ষ্যে গত ০৭.০৫.২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সিদ্ধান্ত মোতাবেক বন্ধ টোল প্লাজাসমূহের বিষয় অর্থ বিভাগকে অবহিত করা হয়েছে। এছাড়া, টোল প্লাজাসমূহ চালুর নিমিত্ত অংশীজন সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট জেলাপ্রশাসকদের গত ২৪.০৬.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। | ৯টি বন্ধ টোলপ্লাজাসমূহ চালু করতে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |
| | **চ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত ৪২টি সড়ক বিভাগের তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া মাত্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সে বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ এবং বকেয়া ভূমি কর পরিশোধের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১)(ক) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(১)(খ) যে সকল সড়ক বিভাগের হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া যায়নি তাদেরকে তাগিদ দিতে হবে এবং ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>(২) ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চাহিদা অনুযায়ী দাবীকৃত ২০২৪-২০২৫ অর্থবছরের ভূমি উন্নয়ন কর জেলা/উপজেলা ভিত্তিক BreakUp প্রেরণের জন্য ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, চেয়ারম্যান, বিআরটিসি ও চেয়ারম্যান, বিআরটিএকে গত ২৬.০৫.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে।</td><td>(১) সকল দপ্তর/সংস্থাকে বকেয়া ভূমি কর পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে এ বিভাগ হতে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ছ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উক্ত আদালতে দায়েরকৃত মামলা Smart Case Management System-এ মামলার প্রাপ্ত সকল তথ্য সিস্টেমে আপডেটের কার্যক্রম অব্যাহত রয়েছে। সংস্থাভিত্তিক হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৪৭৫</td><td>১৩</td><td>৪৮৮</td></tr>
<tr><td>০২</td><td>বিআ টিএ</td><td>৩০৩</td><td>০১</td><td>৩০৪</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১৬</td><td>১০</td><td>২৬</td></tr>
<tr><td>০</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮০১</td><td>২৫</td><td>৮২৬</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>জ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল. নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভুমি) এর কার্যালয় এর স্মারক নং-৭৩১(সং), তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের বরাবর মূল নথি প্রেরণ করা হয়। নিস্পত্তির জন্য জেলা প্রশাসক ঢাকার সাথে যোগাযোগ করা হলে শীঘ্রই মামলাটি নিষ্পত্তি করা হবে মর্মে তিনি জনান।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এবং জেলাপ্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>ঝ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ (দুই) একর জায়গা সিটি জরিপে জনৈক রেজাউল করিমের নামে করানো হয়। উক্ত জায়গা উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহরুল ইসলামকে তাগিদ দেওয়া হয়েছে। আপীলের বিষয়টি নিশ্চিত করার জন্য এস্টেট ও আইন কর্মকর্তাকে সভায় নির্দেশনা দেয়া হয়।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং এ বিষয়ে দ্রুত আপীল দায়ের করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঞ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিস্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং ৫৭৬৭/২০01 এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিস্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিস্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করনের লক্ষ্যে আপীল দায়েরের জন্য প্যানেল আইনজীবীকে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>(ক) কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিস্পত্তির লক্ষ্যে আইনী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) Status-quo বজায় রাখার আদেশটি Vacate করার জন্য দ্রুত আপীল দায়ের করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ট. সওজ অধিদপ্তরের প্যানেল আইনজীবী নিয়োগ:<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, সওজ অধিদপ্তরের প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম চলমান আছে। নিয়োগ কমিটিতে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি রয়েছে। চলমান নিয়োগপ্রক্রিয়ার জন্য ১ জন প্রতিনিধি চেয়ে এ বিভাগ হতে আইন ও বিচার বিভাগে পত্র দেয়া হয়েছে। কিন্তু প্রতিনিধি না পাওয়ায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা যাচ্ছে না। আইন ও বিচার বিভাগের সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করার জন্য যুগ্মসচিব (আইন) এবং এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ অধিদপ্তরকে সভাপতি পরামর্শ প্রদান করেন।</td><td>প্যানেল আইনজীবী নিয়োগ কমিটিতে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি প্রাপ্তির বিষয়ে যোগাযোগ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (আইন)/ এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ অধিদপ্তর</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঘ. অবৈধ স্থাপনা অপসারণ**<br>সওজ অধিদপ্তর হতে প্রাপ্ত মে ২০২৫ পর্যন্ত ভূমির পরিমাণ, উদ্ধারকৃত ভূমির পরিমাণ এবং সওজ ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনার সংখ্যা ও উচ্ছেদের তথ্য নিম্নরূপ:<br>অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:<br>উদ্ধারকৃত ভূমির পরিমাণ (একরে): ১৬৫২.৯১.৯৮ ; উচ্ছেদকৃত অবৈধ স্থাপনার সংখ্যা: ১১৬৩<br>অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:<br>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (মে ২৫ মাস পর্যন্ত): ১০৩৮ ; মে ২৫ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা: ৯১ ; অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা: ১১৪৭<br>অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝিয়ে দেয়া এবং ঢাকা সড়ক জোনসহ সকল সড়ক বিভাগের আওতাধীন মহাসড়কে অবৈধভাবে ব্যক্তি মালিকানাধীন ভূমিতে স্থাপিত সংযোগ সড়ক উচ্ছেদে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঙ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার।**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে মতামত প্রদানের জন্য ডিমেটিক গ্রুপকে গত ১৪.০৬.২০২৫ তারিখে তাগিদ দেয়া হয়েছে। মতামত প্রাপ্তির পর এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। আগামী সভার পূর্বে ডিমেটিক গ্রুপকে মতামত প্রদান করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকা, MFS ও ব্যাংকসমূহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **চ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, গত ২৮.০৪.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার নির্দেশনা অনুযায়ী নীতিমালাটি হালনাগাদ করে প্রেরণের জন্য সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাকে বলা হয়েছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর হালনাগাদ করার কার্যক্রম চলমান আছে। আগামী জুলাই ২০২৫ এর মধ্যে খসড়া নীতিমালা এ বিভাগে প্রেরণ করা হবে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়া হালনাগাদ করে ১০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, এ পর্যন্ত মোট ২৪,২৯,৪৭৭ টি ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং হয়েছে এবং ৭,৪৪,৭৭৮ টি ড্রাইভিং লাইসেন্স পেন্ডিং আছে। প্রিন্টিং কার্যক্রম চলমান আছে। প্রিন্টকৃত ড্রাইভিং লাইসেন্স গ্রহকের ঠিকানায় প্রেরণ করা হচ্ছে। গ্রাহকের দুর্ভোগ কমাতে ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং বাড়ানোর জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম চলমান রাখতে হবে এবং আগামী সভায় সর্বশেষ প্রিন্ট ও পেন্ডিং সংখ্যা উপস্থাপন করতে হবে।<br>(২) গ্রাহকের দুর্ভোগ কমাতে ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট বাড়ানোর উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/সি.সি এনালিস্ট |
| | **খ. ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের কার্যক্রম যাচাই**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, বিআরটিএ'র অনুমোদিত ১৪৮টি ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল রয়েছে। প্রতিষ্ঠানগুলো শুধু প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা তালিকা ভেরিফাই এবং ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলগুলো তাদের অফিস ও কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করছে কিনা তা সরেজমিনে দেখার জন্য সভাপতি পুনরায় অতিরিক্ত সচিব (এস্টেট) এবং যুগ্মসচিব, বিআরটিএ-কে সভায় পরামর্শ প্রদান করেন। | বিআরটিএ'র অনুমোদিত ১৪৮টি ড্রাইভিং প্রশিক্ষন স্কুলের তালিকা অতিরিক্ত সচিব (এস্টেট) এবং যুগ্মসচিব, বিআরটিএ তালিকা ভেরিফাই করবেন এবং ড্রাইভিং প্রশিক্ষন স্কুলগুলোর কার্যক্রম আগামী সভার পূর্বে সরেজমিনে পরিদর্শন করবেন। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>

**গ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**
বিআরটিএ'র প্রতিনিধি জানান, **ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট এর বিষয়ে** ভেন্ডর প্রতিষ্ঠান মাদ্রাজ সিকিউরিটিজ এর মেয়াদ জুলাই ২০২৫ এ শেষ হবে। পরবর্তীতে লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম বিএমটিএফ এর মাধ্যমে সম্পন্নের নিমিত্ত গত ১৬.০৬.২০২৫ তারিখে মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। বিএমটিএফ এর সাথে ইতোমধ্যে সভা করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। এজেন্ডাটি বাস্তবায়ন বিবেচনায় আগামী সমন্বয় সভার এজেন্ডা হতে বাদ দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।

</td><td>

(ক) PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করার বিষয়ে বিএমটিএফ এর সাথে সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।
(খ) এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।

</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>

**ঘ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**
(১) সভাকে অবহিত করা হয়, বিশ্ব ব্যাংকের অর্থায়নে Bangladesh Clean Air Project (BCAP) এর আওতায় ভিআইসি স্থাপনের কার্যক্রমে বিষয়ে পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭(সাত) টি ভিআইসি স্থাপনের সংশোধিত DPP প্রস্তুতের কার্যক্রমের কাজ চলমান। কার্যক্রম সম্পন্ন করে শিঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ কার্যক্রমের জনবল কাঠামোতে অর্থ বিভাগের অনুমোদনের লক্ষ্যে গত ২২-০৫-২০২৫ তারিখে সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। গত ২৪.০৬.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) গাড়ীর ফিটনেস প্রদান কালে সওজ অধিদপ্তরের ১ জন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এর উপস্থিতিতে নিশ্চিত করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া, গাড়ী, গাড়ীর মালিক/প্রতিনিধি এবং ইন্সপেক্টর এর ছবি তুলে তা প্রমানক হিসেবে রাখার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করেন।

</td><td>

(১) (ক) পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের ডিপিপি সংশোধন করে দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।
(১)(খ) সভার সিদ্ধান্তের আলোকে জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

(২) গাড়ীর ফিটনেস প্রদানকালে সওজ অধিদপ্তরের ১ জন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এর উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং গাড়ী, গাড়ীর মালিক/প্রতিনিধি এবং ইন্সপেক্টর এর ছবি তুলে তা প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে।

</td><td>চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>

**ঙ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**
(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। মে ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:

<table>
<tr><th>দ ঘটনার সংখ্য</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr>
<tr><td>৫০১</td><td>৪৯০</td><td>৫৪১</td></tr>
</table>

(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার ও টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় লিফলেট ও স্টিকার বিতরণের কার্যক্রম চলমান। সড়কে দুর্ঘটনার স্থান জিও লোকেশনে আপলোড দিতে সংশ্লিষ্ট বিভাগ এবং সার্কেলে নির্দেশনা প্রদান করা হবে ।

(৩) সড়ক নিরাপত্তা শাখা হতে জানানো হয়েছে, সড়ক নিরাপত্তা আইন প্রণয়নের লক্ষ্যে মতামত দেওয়া জন্য সাব কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কমিটির ০৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই পূর্ণাঙ্গ মতামত মূল কমিটির নিকট দাখিল করা হবে।

</td><td>

(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে।

(২) (ক) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।
(২) (খ) সড়কে দুর্ঘটনার স্থান জিও লোকেশনে আপলোড দিতে হবে।
(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া আগামী ১৫ জুলাই ২০২৫ এর মধ্যে চূড়ান্ত করতে হবে।

</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)</td></tr>
<tr><td></td><td>

**চ. মোবাইল কোর্ট পরিচালনা:**
বিআরটিএ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়কে মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। মে/২০২৫ মাসে অবৈধ মোটরযান চলাচলের বিরুদ্ধ ২৩৭৫টি মামলায় ৬০,৪৯,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয়। সারাদেশে জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের তথ্য:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিভাগের নাম</th><th>মামলা</th><th>জরিমানা</th><th>কারাদন্ড</th><th>ডাম্পিং</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>ঢাকা</td><td>৬৪৮</td><td>৬৩৭০০০.০০</td><td>০০</td><td>০০</td><td></td></tr>
<tr><td>২.</td><td>চট্টগ্রাম</td><td>৩৫১</td><td>৭৬৮৪০০.০০</td><td>০০</td><td>০</td><td></td></tr>
</table>

</td><td>

(১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।
(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক

</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ)</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (পূর্ববর্তী পৃষ্ঠার সারণির ধারাবাহিকতা — নিচের সারণি দেখুন) | পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ করতে হবে। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | রাজশাহী | ৫১৯ | ৫২৭১৭০.০০ | ০০ | ০০ | |
| ৪. | খুলনা | ৬১০ | ৮৪০১৫০.০০ | ০০ | ০০ | |
| ৫. | বরিশাল | ৮১ | ৬৫৫০০.০০ | ০০ | ০০ | |
| ৬. | সিলেট | ২৪২ | ৪৭৭০০০.০০ | ০০ | ০০ | |
| ৭. | রংপুর | ১৬৫ | ১৫৫৮০০.০০ | ০০ | ০০ | |
| ৮. | ময়মনসিংহ | ৩৫০ | ৮৬৫০০০.০০ | ০০ | ০০ | |
| মোট | | ২৯৭৬ | ৪৪,১১,৮০০.০০ | ০০ | ০০ | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **খ. স্ক্যান নীতিমালা:**<br>সহকারী সচিব (বিআরটিএ) জানান, স্ক্যান নীতিমালা চূড়ান্ত করার জন্য দ্রুত আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হবে। আগামী সভার পূর্বে সভা আহবান করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | দ্রুত স্ক্যান নীতিমালা চূড়ান্ত করণের লক্ষ্যে আগামী সভার পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | চেয়ারম্যান (বিআরটিএ) যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **গ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, ইতোমধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে গত ৭ এপ্রিল ২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সড়ক ও জনপথ অধিদপ্তর থেকে টোল প্লাজা ব্যবহার করেছে এরূপ ৭৮,১৯২টি মোটরযানের তথ্য API দিয়ে কল করে বিআরটিএ এর ডাটাবেইজ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি এরূপ তালিকা সরবরাহ করা হয়। উক্ত ৭৮,১৯২টি মোটরযানের তথ্য যাচাই করে নিবন্ধনবিহীন ৭৮,০১০ মোটরযানের তথ্য পাওয়া যায়। আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলজির কোনো সমস্যা আছে কিনা তা সমাধানের নিমিত্ত এনটিএমসি থেকে তথ্য আদান-প্রদানের সাথে কোনো কারিগরি ত্রুটি রয়েছে কিনা সে বিষয়টি পরীক্ষা-নিরীক্ষার কার্যক্রম চলমান। | আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলজির কোনো সমস্যা আছে কিনা তা দ্রুত পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ /যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঘ. ইলেকট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২জুন, ২০২৫ তারিখে ইলেকট্রিক মোটরযানের বিপরীতে ইতোপূর্বে আরোপিত পরিবেশ সারচার্জ মওকুফ করত: একটি গেজেট প্রকাশ করা হয়েছে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেয়ার নির্দেশনা দেয়া হয়। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, সফল ঠিকাদার/দরপত্র প্রতিষ্ঠান "ইফাদ অটোস পিএলসি" গত ২৪/৫/২০২৫ তারিখে ০২টি একতলা বাসের ইঞ্জিনসহ চেসিস সরবরাহের কার্যাদেশ (NOA) প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী ঠিকাদার প্রতিষ্ঠান ০২টি একতলা বাসের ইঞ্জিনসহ চেসিস সরবরাহ করে। বর্ণিত ইঞ্জিনসহ চেসিস এর গুণগতমান পরিদর্শনের নিমিত্ত গত ২৩/৬/২০২৫ তারিখে একটি Technical Inspection and Acceptance Committee (TIAC) কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর এসি বাস/গাড়ি প্রস্তুতের পরবর্তী কার্যক্রম শুরু করা হবে। | প্রক্রিয়া সম্পন্ন করে গাড়ী প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস বাস ক্রয়**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র জন্য সিএনজি একতলা এসি বাস সংগ্রহ শীর্ষক প্রকল্পের আওতায় ৩৪০টি এসি বাস ক্রয়ের লক্ষ্যে গত ০৪/৬/২০২৫ তারিখে পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া, Exim Bank of Korea কর্তৃক দরপত্র দ্রুত অনুমোদন কার্যক্রম চলমান রয়েছে। | সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. বিআরটিসি'র স্মার্ট স্কুল বাস সার্ভিস**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, শিক্ষার্থীদের যাতায়াত সহজ ও নির্বিঘ্নে করার নিমিত্ত স্কুল বাস সার্ভিস চালুর বিষয়ে গত ০১.৬.২০২৫ তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় "এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ স্কুল বাস সার্ভিস চালুর নিমিত্ত স্কুল কর্তৃপক্ষ, অভিভাবক, শিক্ষার্থী এবং সংশ্লিষ্টদের জন্য প্রশ্নমালা তৈরী করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়"। উক্ত প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় হতে ঢাকা সিটিতে স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনার নির্দেশনা প্রদানের প্রেক্ষিতে বিআরটিসি কর্তৃক উক্ত বাস সার্ভিস চালুর উদ্যোগ গ্রহন করা হবে। | ঢাকা সিটিতে স্মার্ট স্কুল বাস সার্ভিস চালুর লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ঘ. ছোট বাস (কোস্টার) ক্রয়:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে স্টাফ বাস সার্ভিস হিসেবে ছোট বাসের (কোস্টার) ব্যাপক চাহিদা রয়েছে। তাই বিআরটিসি এ ধরণের ছোট বাস ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করতে চাচ্ছে। এতে প্রকল্প গ্রহণের প্রয়োজন হবে। সভাপতি বলেন, বিআরটিসি কোন কোনো ক্ষেত্রে প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে তার একটি ধারণা মন্ত্রণালয়কে অবহিত করার পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সভাপতি সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)-কে বিআরটিসির সাথে যোগাযোগ করার পরামর্শ দেন। | বিআরটিসি কোন কোনো ক্ষেত্রে প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে তার একটি ধারণা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বিআরটিসি'র সাথে যোগাযোগ রাখবেন। | চেয়ারম্যান, বিআরটিসি/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, Rules of Business অনুযায়ী Special Purpose Company (SPC) গঠনের জন্য Cabinet এর অনুমোদন নেয়া আবশ্যক। এ বিষয়ে Cabinet এর অনুমোদন নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে গত ০২.০৩.২০২৫ তারিখে পত্র | Special Purpose Company (SPC) গঠনের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/যুগ্মসচিব (এমআরটি)/ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় থেকে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন। শাখা কর্মকর্তা জানান, এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। | | উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালাটি জুন, ২০২৫ এর মধ্যে মতামত, সুপারিশ ও পরামর্শ মোতাবেক সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। বাস রুট রেশনালাইজেশন কমিটি পুনর্গঠনের বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন। বর্তমান প্রেক্ষাপটে কিভাবে কমিটি পুনর্গঠন হবে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন। | (ক) বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ চূড়ান্ত করতে হবে।<br>(খ) বাস রুট রেশনালাইজেশন কমিটি পুনর্গঠনের বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল জানান, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। The Universal Ticketing System (UTS) for Single Journey on Dhaka Metro Rail Line-6 বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬/০৫/২০২৫ তারিখ পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আগ্রহী প্রতিষ্ঠানসমূহ আগামী ২৯.০৬.২০২৫ তারিখ পর্যন্ত দরপত্র ক্রয় করতে পারবে। QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট ছাড়াও এ পদ্ধতিতে ডেবিট ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল কোম্পানী (বিকাশ, রকেট) এর ব্যবহারের মাধ্যমে সিঙ্গেল জার্নি টিকেট ক্রয়ের সুবিধা চালুর কার্যক্রম অব্যাহত রয়েছে। | QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, জানান, বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবরূপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প-এর নিচের পিয়ার-৪ হতে পিয়ার-১১ পর্যন্ত জায়গার সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।<br>বাস টার্নিং ও এন্ট্রি-এক্সিট প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/ সংস্থার কাছ থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। তবে বিমানবন্দর স্টেশন এর পাশের সওজ এর অধিগৃহীত জায়গাটি টার্মিনালের জন্য উপযোগী মর্মে 'ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি'-কে অবহিত করা হয়েছে। একই সাথে সওজ এর অধিগৃহীত ১২০৩ নং দাগের অবশিষ্ট জায়গারও সার্ভে করে একটি পার্কিং লে-আউট প্রস্তুত করা হয়েছে। | বিআরটি বাস টার্মিনালের জায়গা পেতে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিআরটি বাস পরিচালনার জন্য অর্ন্তবর্তীকালীন অপারেটর হিসেবে বিআরটিসি-কে নিয়োগের বিষয়টি পর্ষদ সভায় উপস্থাপন করা হয়েছে। বিআরটিসি'র সাথে আলোচনা করে খাতভিত্তিক ব্যয় বিভাজন চূড়ান্ত করে MoU চূড়ান্ত করা হবে। | বিআরটিসি'র সাথে আলোচনা করে খাতভিত্তিক ব্যয় বিভাজন দ্রুত চূড়ান্ত করে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **গ. বিআরটিএ করিডোরে টোল আদায়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা-বিআরটি জানান, ০২.০১.২০২৫ তারিখে অনুষ্ঠিত টোল চালুকরণ সংক্রান্ত সভায় বিআরটি করিডোরে ১০০ টাকা হারে টোল চালুর বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ১৪.০৬.২০২৫ তারিখে তা ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। একই সাথে সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক করিডোরে কি পরিমাণ গাড়ি চলাচল করে তা নিরুপণে একটি সার্ভে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া টোল চালুকরণের বিষয়ে প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে। সভায় আরো আলোচনা হয় যে, বিকল্প ব্যবস্থা না করে একটি লেনের মাধ্যমে টোল আদায় করা হলে যানজট সৃষ্টি হতে পারে। এছাড়া, লেনে প্রবেশ এবং বাহির হওয়ার কোনো প্রতিবন্ধকতা না থাকায় টোল ফাঁকি দেয়ার প্রবণতা থাকবে। এক্ষেত্রে বিষয়গুলো বিবেচনায় নেয়া দরকার | বিআরটি করিডোরে টোল আদায়ের বিষয়টি ভালো করে পর্যালোচনা করে দেখতে হবে। | নির্বাহী পরিচাল (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপনা পরিচাল (ঢাকা বিঅরটি)/উপসচিব (টোল ও এক্সেল) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, **মে ২০২৫** মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ১১৭টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ২টিসহ মোট ১১৯টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | **ঘ. Public Service Innovation:**<br>বিআরটিএ হতে জানানো হয়েছে, বিআরটিএ'র যাবতীয় ফি, টোল ফি এবং জরিমানার ফি অটোমেটিক আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্টের সাথে ইন্টিগ্রেট করার বিষয়ে ইনোভেশন আইডিয়ার বাস্তবায়ন কার্যক্রম গ্রহন করা হয়েছে। এ বিষয়ে এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, আগামী অর্থবছরের মধ্যে সেবাটির পাইলটিং কার্যক্রম গ্রহণ করা হবে। | বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার যাবতীয় আগামী অর্থবছরে পাইলটিং এর কাজ শুরু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>সভায় জানানো হয়, উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্তসমূহ গার্ড ফাইলে সংরক্ষণ করা হচ্ছে এবং সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। উপদেষ্টা পরিষদ বৈঠকের সভার সিদ্ধান্ত গার্ড ফাইলে সংরক্ষণ এবং বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও তা ফলোআপের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সভাপতি নির্দেশনা প্রদান করেন। | উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্তসমূহ গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে এবং বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নিয়মিত ফলোআপ করতে হবে। | কর্মকর্তা (সকল)/ সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আসফিয়া সুলতানা, উপসচিব জানান, ২০২৪-২০২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। ২৭ মার্চ ২০২৫ তারিখ এ বিভাগে ০১ জন ইন্টার্ন যোগদান করেছেন এবং তিনি জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব এর তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শুরু করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে একটি সভা আয়োজনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br>(২) ইন্টার্ন নিয়োগের বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/জনাব আসফিয়া সুলতানা, উপসচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখা পড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে সওজ অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইনের উপর ড. মো: মোকছেদ আলী ও যুগ্মসচিব জনাব এস এম মাহবুব আলম মতামত প্রদান করেছেন এবং একটি সংশোধিত খসড়া প্রস্তুত করা হয়েছে। গাইডলাইনটি বাংলায় অনুবাদ এবং বিশেষ কিছু সন্নবেশ করার প্রয়োজন হলে এ বিভাগের সাথে আলোচনা করার জন্য সওজ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।<br>(২) বিআরটিসি হতে জানানা হয়েছে, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ৩০ জন এবং সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর ০৪ জন ছাত্র-ছাত্রী আগামী ২০ জুলাই, ২০২৫ হতে ১২ সপ্তাহব্যাপি ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট পত্র মারফত অনুরোধ করেছেন। উক্ত ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট গাজীপুরস্থ সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানায় বাস্তবায়িত হবে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, ঢাকার মধ্যে পাবলিক ও প্রাইভেট ১০টি প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হতে ৫ জন করে মোট ৫০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে বিশেষ লার্নিং সেশন গত ৭/৫/২০২৫ তারিখে এক দিনব্যাপী ডিটিসিএ'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। | (ক) গাইডলাইনটি বাংলায় প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী, সওজ |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>এ বিভাগের শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩.০৬.২০২৫ তারিখে আয়োজিতব্য সভাটি অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। শীঘ্রই পুনরায় সভা আহবান করা হবে। | সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে দ্রুত সভা আহবান করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) জানান, এ বিভাগ কর্তৃক প্রণীত সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার গত ১৮.১২.২০২৪ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রণীত পরিকল্পনার স্ব স্ব অংশ দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অগ্রগতির উপর গত ১৫.০৫.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী সকল দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। অগ্রগতি পাওয়া গেলে সমন্বিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরন করা হবে। | (১) এ বিভাগ কর্তৃক প্রণীত (সংশোধিত) সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রাখতে হবে এবং ১৫.০৫.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/চেয়ারম্যান (বিআরটিএ/ বিআরটিসি)/প্রধান প্রকৌশল,সওজ/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **চ. পেন্ডিং তালিকা প্রেরণ:**<br>এ বিভাগে প্রেরিত দপ্তর/সংস্থার যে সকল প্রস্তাব পেন্ডিং রয়েছে এবং দপ্তর/সংস্থায় প্রেরিত এ বিভাগের যে সকল বিষয় পেন্ডিং রয়েছে তার তালিকা প্রস্তুত করে আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (১) দপ্তর/সংস্থায় পেন্ডিং বিষয়ের তালিকা শাখা/অধিশাখা কর্তৃক প্রস্তুত করে উইং প্রধান বরাবর দাখিল করতে হবে এবং তা উইং প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন।<br>(২) দপ্তর/সংস্থা হতে প্রেরিত প্রস্তাবের পেন্ডিং তালিকা আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করবে এবং সংস্থা প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন। | এ বিভাগের সকল কর্মকর্তা এবং দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| | **ছ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে মাননীয় উপদেষ্টা পরিকল্পনা গ্রহণের পরামর্শ দিয়েছেন। এ বিষয়ে তিনি বেশকিছু ধারণা দিয়েছেন। সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত সম্ভব বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব
(সিনিয়র সচিবের রুটিন দায়িত্ব)

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-২৬৮

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩২
০৮ জুলাই ২০২৫

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‌্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০৮/০৭/২০২৫
মো: আব্দুল জব্বার
সিনিয়র সহকারী সচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd